

# কালের কণ্ঠ

সোমবার | ২৬ সেপ্টেম্বর ২০২২ | ১১ আশ্বিন ১৪২৯ | ২৯  
সফর ১৪৪৪

বিজ্ঞান জাদুঘরে সেমিনারে মুনির চৌধুরী

সুশাসন নিশ্চিত করতে প্রযুক্তির প্রয়োগ চাই



সেমিনারে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনির চৌধুরীসহ অন্যরা। ছবি : সংগৃহীত

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে আজ রবিবার 'প্রশাসনের মানোন্নয়নে প্রযুক্তির ব্যবহার' শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্ন্যান্স অ্যান্ড ম্যানেজমেন্টের (বিআইজিএম) পক্ষ থেকে সরকারি ও বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের পদস্থ কর্মকর্তারা অংশগ্রহণ করেন।

সেমিনারে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনির চৌধুরী বলেন, 'দাপ্তরিক সেবার মান উন্নয়নে প্রযুক্তির ব্যবহার অপরিহার্য। প্রযুক্তির প্রয়োগ এখন সুশাসনের সূচকের মানদণ্ড।

তবে প্রযুক্তির পেছনে যে ব্যক্তি বা মানুষ, তার সততা ও দক্ষতা অনেক বড় বিষয়। আধুনিক প্রযুক্তির মাধ্যমে দুর্নীতি ও হয়রানিমূলক ঘটনা বন্ধে এগিয়ে আসতে হবে তরুণ প্রজন্মের কর্মকর্তাদের। নিজের পদ-পদবি রক্ষা করতে গিয়ে দুর্নীতির সঙ্গে আপস করা সুশাসন ধ্বংসের অপরাধ। কাজেই তরুণ সরকারি কর্মকর্তাদের অত্যন্ত সাহসিকতার সঙ্গে দুর্নীতি দমনে এগিয়ে আসতে হবে এবং আধুনিক প্রযুক্তির মাধ্যমে জনসেবার মান উন্নত করতে হবে।



সেমিনারে প্রশিক্ষার্থীদের মধ্যে প্রবন্ধ উপস্থাপন করেন বাণিজ্য মন্ত্রণালয়ের উপসচিব রোকসানা খাঁন এবং বাংলাদেশ সেনাবাহিনীর মেজর মোহাম্মদ ইউসুফ শরিফ। অনুষ্ঠান শেষে প্রশিক্ষার্থীরা জাদুঘরের গ্যালারিগুলো পরিদর্শন করেন। এছাড়া আগত প্রশিক্ষার্থীদের বিজ্ঞান জাদুঘরের পক্ষ থেকে স্মারক উপহার দেওয়া হয়।

## বিজ্ঞান জাদুঘরে সেমিনার সুশাসন নিশ্চিত করতে প্রযুক্তির প্রয়োগ চাই



জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে রোববার (২৫ সেপ্টেম্বর) “প্রশাসনের মানোন্নয়নে প্রযুক্তির ব্যবহার” শীর্ষক এক সেমিনারের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্ন্যান্স অ্যান্ড ম্যানেজমেন্টের (বিআইজিএম) পক্ষ থেকে সরকারি ও বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের পদস্থ কর্মকর্তারা অংশগ্রহণ করেন।

সেমিনারে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনির চৌধুরী বলেন, “দাপ্তরিক সেবার মান উন্নয়নে প্রযুক্তির ব্যবহার অপরিহার্য। প্রযুক্তির প্রয়োগ এখন সুশাসনের সূচকের মানদণ্ড। তবে প্রযুক্তির পেছনে যে ব্যক্তি বা মানুষ, তার সততা ও দক্ষতা অনেক বড় বিষয়। আধুনিক প্রযুক্তির মাধ্যমে দুর্নীতি ও হয়রানিমূলক ঘটনা বন্ধে এগিয়ে আসতে হবে তরুণ প্রজন্মের কর্মকর্তাদের। নিজের পদ-পদবি রক্ষা করতে গিয়ে দুর্নীতির সঙ্গে আপোষ করা সুশাসন ধ্বংসের অপরাধ। কাজেই তরুণ সরকারি কর্মকর্তাদের অত্যন্ত সাহসিকতার সাথে দুর্নীতি দমনে এগিয়ে আসতে হবে এবং আধুনিক প্রযুক্তির মাধ্যমে জনসেবার মান উন্নত করতে হবে।”

সেমিনারে প্রশিক্ষার্থীদের মধ্যে প্রবন্ধ উপস্থাপন করেন বাণিজ্য মন্ত্রণালয়ের উপসচিব রোকসানা খাঁন এবং বাংলাদেশ সেনাবাহিনীর মেজর মোহাম্মদ ইউসুফ শরিফ।

অনুষ্ঠান শেষে প্রশিক্ষার্থীরা জাদুঘরের গ্যালারিসমূহ পরিদর্শন করেন। এছাড়া আগত প্রশিক্ষার্থীদের বিজ্ঞান জাদুঘরের পক্ষ থেকে স্মারক উপহার প্রদান করা হয়।

যাযায়দিন/এসএস

Monday, September 26, 2022

TRUE & IMPARTIAL  
**edaily sun**

## Use of technology recommended for ensuring good governance

.....STAFF CORRESPONDENT.....

**Young** officials can use technology as a tool to stop incidents of corruption and harassment in the country, said National Museum of Science and Technology Director General Munir Chowdhury.

He made the remarks at a seminar titled 'Use of Technology in Developing Quality of Administration' organised by Bangladesh Institute of Governance and Management (BIGM) at NMST on Sunday.

"The use of technology is essential to improve the quality of services. Young officials have to come forward to stop incidents of corruption and harassment in the country," he said.

Commerce Ministry's Deputy Secretary Roksana Khan and Bangladesh Army's Major Mohammad Yousuf Sharif presented articles.

Upon completion of the seminar, participants visited the museum and received memento from the NMST authorities.

---